

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

“ইনোভেশন টিম” এর ২০১৮-১৯ অর্থবছরে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি:

মোঃ আলাউদ্দীন আল আজাদ
মহাব্যবস্থাপক (উৎপাদন পরিকল্পনা ও মান নিয়ন্ত্রণ)
বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা

স্থানঃ বাকেশি সভা কক্ষ।
তারিখঃ ০৫-০৮-২০১৮ খ্রি।
সময়ঃ ১০-৩০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নাম ও পদবীঃ

১। জনাব মোঃ এনামুল হক, উপ-মহাব্যবস্থাপক (উৎপাদন পরিষিক ও মাংসিঃ)

সদস্য।

২। জনাব মোঃ আরিফুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং)

সদস্য।

৩। জনাব শরীফ বেদিউজ্জামান, ব্যবস্থাপক (নিরীক্ষা)

সদস্য।

আলোচ্য সূচীঃ

১। ২০১৮-১৯ অর্থবছরের প্রণীত উত্তাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

২। ২০১৮-১৯ অর্থবছরের উত্তাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ।

৩। ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উত্তাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।

৪। বিবিধ।

আলোচ্য বিষয়-১: ২০১৮-১৯ অর্থবছরের প্রনীত উত্তাবনী কর্মপরিকল্পনা পর্যালোচনা।

সভাপতি মহোদয় উপস্থিত ইনোভেশন টাইমের অন্যান্য সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত ১৬-০৭-২০১৮ খ্রি তারিখে বাকেশি সভাকক্ষে অনুষ্ঠিত ইনোভেশন টিম-এর ১ম সভায় প্রণীত ২০১৮-১৯ অর্থবছরের উত্তাবনী কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। সভায় সকলে একমত প্রকাশ করেন যে, উত্তাবনী কর্মপরিকল্পনার সঠিক চর্চা ও এর মাধ্যমে অর্জিত সৃষ্টিধর্মী কার্যক্রম ও কৌশল বাকেশি’র ভবিষ্যত উন্নয়নে দারুণ সুফল বয়ে আনবে। প্রত্যেককে তার নিজ নিজ অবস্থান থেকে উত্তাবনী মানসিকতা ধারণ করা গেলে প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে ইতিবাচক প্রভাব পড়বে।

আলোচ্য বিষয়-২ ও ৩: বিগত ১৬-০৭-২০১৮ খ্রি তারিখে প্রণীত উত্তাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত পর্যবেক্ষণ নিয়ন্ত্রণ।

ক্রমিক নং	২০১৮-১৯ অর্থবছরের উত্তাবনী কর্মপরিকল্পনা	উত্তাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম	উত্তাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি
১।	পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর কৌশল উত্তাবন এবং তা বাস্তবায়নের উদ্যোগ।	পণ্য উৎপাদনে খরচ ও সময় কমানোর জন্য সকল গুণাগুণ ঠিক রেখে ইতোমধ্যে পণ্যের প্রকৃতিতে পরিবর্তন এনে উৎপাদন ব্যয় কমানো হয়েছে। এছাড়া পণ্য উৎপাদনে সময় কমানোর কৌশল নিয়ে সংশ্লিষ্ট বিভাগ কাজ করছে।	পণ্য উৎপাদন ব্যয় কিছুটা কমে যাওয়ায় দেশীয় প্রতিযোগীতামূলক বাজারে অবদান রাখা সহজ হবে।
২।	একটি HDPE Silicon Duct মেশিন স্থাপন ও চালু করা।	প্ল্যাটের বার্ষিক উৎপাদন ক্ষমতা বৃক্ষিতে নতুন আরও ১টি মেশিন সংগ্রহে চীনা প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই মেশিনটি স্থাপনের পর নিরবিছিন্ন উৎপাদন পরিচালনা ও বিভিন্ন প্রকৃতির ডাক্ষ তৈরী করে দেশীয় উন্নয়নে অবদান রাখা যাবে। উৎপাদন ব্যয় সংকোচনেও কার্যকর ভূমিকা রাখার চেষ্টা করা হবে।	চীনা প্রতিষ্ঠান মেশিন তৈরীর কাজ শুরু করেছে। চুক্তিবদ্ধ সময়সীমার মধ্যে মেশিন যাতে কারখানায় আসে সে ব্যাপারে তৎপরতা অব্যাহত আছে।
৩।	বৈদ্যুতিক ওভারহেড কন্ডেন্সর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর শ্ল্যান্ট স্থাপন ও চালু করণসহ cost- effective ও উন্নতমানের পণ্য উত্তাবন ও বাজারজাতকরণ।	আগামী জানুয়ারী, ২০১৯ খ্রি এর মধ্যে প্ল্যান্ট স্থাপনের পর পরীক্ষামূলক উৎপাদন সম্পন্ন করার সম্ভাব্য টার্গেট নির্ধারণ করা হয়েছে। এ কাজ সফলভাবে সম্পন্ন হওয়ার পর cost- effective ও উন্নতমানের পণ্য উত্তাবন করা হবে। একই সাথে পণ্য সম্পর্কে প্রচারণ ও বাজারজাতকরণেও উল্লেখ্যাগ্র কার্যক্রম হাতে নেয়া হবে।	কারখানা ভবন নির্মাণ কাজ পুরোদমে চলছে। ভারতীয় প্রতিষ্ঠানের সাথে চুক্তি মোতাবেক মেশিনরীজ ও ইকুইপমেন্ট তৈরীর কার্যক্রমও শেষ পর্যায়ে। সেপ্টেম্বর, ২০১৮ তে জাহাজীকরণ হবে বলে আশা করা যাচ্ছে।
৪।	ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করণ ও জনবাদীক নতুন নতুন feature উত্তাবন ও সংযোজন করা।	ওয়েব পেজে আপগ্রেড করণ একটি চলমান প্রক্রিয়া যা অব্যাহত আছে। দেশীয় ও আন্তর্জাতিক ভাবে প্রতিষ্ঠানের পরিচিতি তরাষ্ঠিত হবে।	ওয়েব পেজ আপগ্রেড ও নতুন feature সংযুক্তির কাজ অব্যাহত রাখা হয়েছে।

৩

১

৫।	মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের কৌশল উন্নয়ন ও বাস্তবায়ন।	মার্কেটিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে প্রচার ও প্রসার সমর্চিত কার্যক্রম বৃদ্ধি, নতুন কৌশল উন্নয়ন, ক্রেতার সাথে সার্বক্ষণিক যোগাযোগ ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছড়া, আগামী অক্টোবর, ২০১৮ তে খুলনায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অংশগ্রহণ করা হবে।	বাকেশি'র পরিচিতি বৃদ্ধিসহ ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ক্রেতার সাথে যোগাযোগ অব্যাহত আছে।
৬।	দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধির মাধ্যমে উন্নাবনী চর্চার সম্প্রসারণ।	দক্ষ জনবল তৈরীর জন্য প্রশিক্ষণ প্রদানসহ প্রতিষ্ঠানের কম্পিউটারের সংখ্যা আরও বৃদ্ধির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এতে, উন্নাবনী চর্চার ক্ষেত্রে আরও সম্প্রসারিত হবে।	উন্নাবনী ও সৃষ্টিধর্মী মানবিকতা সম্পর্ক দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে প্রতিষ্ঠানের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে।
৭।	কার্যকর প্রশিক্ষণ উন্নয়ন ও তা বাস্তবায়ন।	নৈতিকতা ও শুঙ্গাচার চর্চার জন্য নতুন চিন্তা, চেতনা ও কৌশল নির্ধারণের জন্য কার্যক্রম গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।	নৈতিকতা ও শুঙ্গাচার কৌশল চর্চায় প্রতিষ্ঠানের সকলের ঐকান্তিক প্রচেষ্টা চলমান রয়েছে।
৮।	সেবা সহজীকরণের জন্য ১টি নতুন সেবা উন্নয়ন ও বাস্তবায়ন	জনগণকে অতি সহজে ও নির্বিশেষ সেবা প্রদানের জন্য ১টি সেবা সহজীকরণের কার্যক্রম হাতে নেয়া হয়েছে।	জনবাক্তব্য সেবা নির্বাচনের জন্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

আলোচ্য বিষয়-৪: বিবিধ।

উপরোক্ত উন্নাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের সকলের সহযোগীতা নিয়ে কমিটি অগ্রসর হবে। কোন বিষয়ে সমস্যা বা প্রতিবন্ধকতা দেখা দিলে বাকেশি কর্তৃপক্ষের সাথে কমিটি আলোচনা করবেন।

কমিটি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনাগুলোর কার্যকরী বাস্তবায়নে আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। ২০১৮-১৯ অর্থবছরের উন্নাবনী কর্মপরিকল্পনাগুলো যথাযথভাবে বাস্তবায়নকল্পে সংশ্লিষ্ট বিভাগের সহযোগীতা গ্রহণ করতে হবে।
- ২। নৈতিকতা ও শুঙ্গাচার চর্চার কার্যক্রম চলমান রেখে নতুন চিন্তা ও ধারণার বিকাশ ঘটানোর জন্য সকলকে উৎসাহিত করতে হবে।
- ৩। প্রতি মাসে কমিটির ১টি করে সভা আহবান করে উন্নাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(মোঃ আলাউদ্দীন আল আজাদ)

মহাব্যবস্থাপক (উৎপরিণি ও মাধ্যমিক)

ও

চিফ ইনোভেশন অফিসার।

